Faruque Hassan
President

BGMEA

বিজিএ/কাস/২০২৩/১০০

৩০ এপ্রিল, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়ঃ ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে রপ্তানিকারকদের অনুকূলে ইপিবি কর্তৃক নতুন নিবন্ধন ইস্যু এবং নিবন্ধন নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

সম্মানিত সদস্যবৃন্দ ও সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (ইপিবি) নতুন নিবন্ধন ইস্যু এবং নিবন্ধন নবায়নের মেয়াদ বৃদ্ধির বিষয়ে বিজিএমইএ, বাণিজ্য মন্ত্রণালয়ের নিকট জোড়ালো দাবী জানায়। এই দাবীর প্রেক্ষিতে মাননীয় বাণিজ্য মন্ত্রীর সভাপতিত্বে ইপিবি'র ১৪/০৩/২০২৩ তারিখের বোর্ড মিটিংয়ে অনুকূল সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত অনুযায়ী ইপিবি'র নিবন্ধন সার্টিফিকেট (Enrollment Certificate) এর মেয়াদ ০১ (এক) বছরের পরিবর্তে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। সংশ্লিষ্ট আবেদনকারী তার প্রয়োজন অনুযায়ী ০১ থেকে ০৫ বছর পর্যন্ত যে কোন মেয়াদী নিবন্ধন গ্রহণ করতে পারবেন। নিবন্ধন ইস্যু/নবায়নের তারিখ থেকে মেয়াদ গণনা করা হবে। নিবন্ধন গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান'কে মেয়াদ অনুযায়ী সার্টিফিকেট ইস্যু/নবায়ন ফি প্রদান করতে হবে।

উল্লেখ্য একই আদলে ইতিপূর্বে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক ইমপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (IRC) এবং এক্সপোর্ট রেজিস্ট্রেশন সার্টিফিকেট (ERC) এর নবায়নের মেয়াদ এক বছরের পরিবর্তে পাঁচ বছর পর্যন্ত নির্ধারণ করা হয় যা সার্কুলার নং-বিজিএ/কাস/২০২২/২৬৫ তারিখঃ ২৪/১১/২০২২ইং মারফত আপনারদের'কে অবহিত করা হয়েছে।

ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে ইপিবি'র নিবন্ধন সার্টিফিকেট নবায়নের মেয়াদ বৃদ্ধি করার জন্য আমরা মাননীয় মন্ত্রী ও সিনিয়র সচিব বাণিজ্য মন্ত্রণালয় এবং ভাইস চেয়ারম্যান ইপিবি'কে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। আশা করি সরকার কর্তৃক উপরোক্ত সুবিধা প্রদান করার ফলে ব্যবসায়ীদের সময় ও খরচ হ্রাস পাবে এবং ব্যবসায়ীক কর্মকান্ড পরিচালনা করা সহজতর হবে।

উল্লেখিত বিষয়ে ইপিবি হতে জারীকৃত আদেশ নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯(অংশ-২).১৯-৪৩২ তারিখঃ ২৭/০৪/২০২৩ আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

ফারুক হাসান
সভাপতি

সংযুক্তিঃ বর্ণনামতে।



2023.04.30 23:55

# রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন
১, কাওরান বাজার
ঢাকা-১২১৫।
www.epb.gov.bd

নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯(অংশ-২).১৯- ৪৬২

তারিখঃ ১৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
২৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

## আদেশ

**বিষয়ঃ ব্যবসা সহজীকরণের উদ্দেশ্যে রপ্তানিকারকদের অনুকূলে প্রদত্ত নতুন নিবন্ধন ইস্যু এবং নিবন্ধন নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ।**

রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক রপ্তানিকারকদের অনুকূলে প্রদত্ত নতুন নিবন্ধন ইস্যু এবং নিবন্ধন নবায়ন এর মেয়াদ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলোঃ

(ক) ব্যুরোর নিবন্ধন সার্টিফিকেট (Enrollment Certificate) এর মেয়াদ ০১ (এক) বছরের পরিবর্তে ০৫ (পাঁচ) বছর নির্ধারণ করা হলো। সংশ্লিষ্ট রপ্তানিকারক তাঁর প্রয়োজন অনুযায়ী ০১ (এক) থেকে ০৫ (পাঁচ) বছর পর্যন্ত নিবন্ধন গ্রহণ করতে পারবেন। রপ্তানিকারক তাঁর নতুন নিবন্ধন/নবায়নের আবেদনে নিবন্ধনের মেয়াদ উল্লেখ করবেন;

(খ) নিবন্ধন সার্টিফিকেট ইস্যুর/নবায়নের তারিখ থেকে মেয়াদ গণনা করা হবে ;

(গ) নিবন্ধন গ্রহণকারী রপ্তানিকারকগণকে মেয়াদ অনুযায়ী নিবন্ধন সার্টিফিকেট ইস্যু/নবায়ন ফি (প্রযোজ্য হারে ভ্যাট-টেক্সসহ) প্রদান করতে হবে; এবং

(ঘ) ব্যুরোর বর্তমান বার্ষিক নতুন নিবন্ধন/নিবন্ধন নবায়ন/বিলম্ব ফি এর হার অপরিবর্তিত থাকবে।

০২। হালনাগাদ নবায়িত রপ্তানিকারক প্রতিষ্ঠানসমূহ উক্ত সুবিধা গ্রহণ করতে পারবেন। যে সকল প্রতিষ্ঠানের নিবন্ধন সনদ ৩০-০৬-২০২৩ পর্যন্ত হালনাগাদ নয় তাদেরকে নবায়ন হালনাগাদ করার পর উপরোক্ত সেবা গ্রহণ করতে পারবেন।

০৩। হালনাগাদ নিবন্ধন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও REX সংক্রান্ত সেবা প্রদানসহ অন্যান্য সেবা প্রদান করা হবে না।

০৪। সকল রপ্তানিকারক প্রতিষ্ঠানকে নতুন নিবন্ধন/নিবন্ধন নবায়নের জন্য ems.epb.gov.bd এই ওয়েবসাইটে Log in করে আবেদন করতে হবে।

২৭/০৪/২০২৩
(মাহমুদুল হাসান)
পরিচালক (বস্ত্র)

বিতরণ : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (সমিতির সকল সদস্যদের অবহিত করার অনুরোধসহ):

১. সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কর্মাস এন্ড ইন্ডাষ্ট্রি (৬০, মতিঝিল সি/এ, ঢাকা, ফোন: ৯৫৬০১০২-৩, ৯৫৬০৫৯০,০১৮১৯৪৮৮৪১৯ ফ্যাক্স: ৭১৭৬০৩০, ৯৫৬০৫৮৮ , ইমেইল-fbcci@bol-online.com
২. সভাপতি, ঢাকা চেম্বার অব কর্মাস এন্ড ইন্ডাষ্ট্রি, ৬৫-৬৬, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। ফোন: ৯৫৫২৮০৮, ৯৫৫২৫৬২, ০১৯৮০০০০৬৬৬ ফ্যাক্স: ৯৫৬০৮৩০, ৯৫৫৮১২২, ইমেইল - info@dhakachamber.com
৩. সভাপতি, মেট্রপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্টিজ, ১২২-১২৪, মতিঝিল সি/এ, ঢাকা। ফোন: ৯৫৬৫২০৮,০১৯১৪৬১৩৯৪২ ফ্যাক্স: ৯৫৬৫২১১ ই-মেইল: info@mccibd.org
৪. সভাপতি, বাংলাদেশ চেম্বার অব ইন্ডাষ্ট্রিজ (বিসিআই) বিসিআইসি ভবন (৪র্থ তলা) ৩০/৩১ দিলকুশা, সি/এ ঢাকা। ফোন : 9551669, 9569601, 9565345, +8801934327752 ই-মেইলঃ bci@bdcom.com, bci.bci.85@gmail.com
৫. সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ী # ৭/৭এ, সেক্টর # ১৭, ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০ ফোন: ৮১১৫৫৯৭, ৮১১৫৭৫১, ৮১২২১১৯,০১৭১৭১৬৪০০১ ফ্যাক্স: ৮১১৩৯৫১, ৮১২৫৭৩৯, ই-মেইল: info@bgmea.com,fair@bgmea.com.bd
৬. সভাপতি, ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্টি, সুবাস্তু টাওয়ার (৭ম তলা), ৬৯/১, পান্থপথ, ঢাকা-১২০৫, ফোন-৯৬৭৬৬৯৮, ৯৬৪১২৮৬। ফ্যাক্স: ৮৬২১০২৭, ইমেইল- iccb@bdmail.net,
৭. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ফোন- ৭৬৪০৫৩৫, ৭৬৪১২৯৫ ০১৭৮০৩৭৭১৬১, ই-মেইল: info@bkmea.com,bkfair@bkmea.com
৮. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স্ এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২, ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ফ্যাক্স: ৮৬২২১৬৮/৮৬২২১৬৭, ই-মেইল: bfllfea58@yahoo.com
৯. সভাপতি, বাংলাদেশ জুট গুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন(বিজেজিইএ) , এ এন্ড এ টাওয়ার, ১৭৩, আরামবাগ (৪র্থ তলা), মতিঝিল, ঢাকা-১০০০ ফোন: ৯৫৫০৬৬৪, ফ্যাক্স: ৯৩৪৮৪৯৫, ই-মেইল: bjgea2016@gmail.com, info@bjgea.org.bd

E:\Mahbub\Reg. Notice\Letter-Notice (26-04-2023).docx

CamScanner